

**General Guidelines for UG Sem-VI, Sem -IV ,Sem -II and Part - III Exam- 2022**

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের নির্দেশিকা অনুযায়ী আগামী Sem-VI, Sem -IV ,Sem -II এবং Part - III পরীক্ষা ২০২২ অনলাইন/ ব্লেন্ডেড মোডের মাধ্যমে পরিচালিত হবে। এতদ্বারা জামালপুর মহাবিদ্যালয়ের সমস্ত পরীক্ষার্থীদের বর্ধমান বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী জানানো হচ্ছে।

- ১) আগামী পরীক্ষা গুলি অনলাইনের মাধ্যমে হচ্ছে বলে উত্তরপত্র গুলি মেইলের মাধ্যমে পাঠাতে হবে। প্রত্যেক পরীক্ষার্থীদের নিজ নিজ মেল-আই ডি এবং মোবাইল নাম্বার থাকতে হবে।
- ২) নির্দিষ্ট বিষয়ের প্রতি পত্রে নির্দিষ্ট মেল-আই ডি কলেজের ওয়েবসাইটে দেওয়া হবে। সেই মেল আই ডিতে উত্তর পত্র পিডিএফ ফাইল করে পাঠাতে হবে। তবে সেই পিডিএফ অবশ্যই 25 MB এর মধ্যে হতে হবে।
- ৩) পরীক্ষার্থীদের নিজ নিজ বিষয়ের পেপারের পরীক্ষাগুলির, উত্তর লেখার জন্য ব্যবহৃত উত্তর পত্রের প্রথম পৃষ্ঠার সফট কপি জামালপুর কলেজের ওয়েবসাইটে পোস্ট করা আছে। পরীক্ষার্থীরা আগে থেকে এটি ডাউনলোড করতে পারে। প্রতিটি কোর্স/ পত্রের পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রথম পৃষ্ঠার ব্যবহার বাধ্যতামূলক। যেহেতু তথ্য যাচাইয়ের কোন সুযোগ নেই, তাই পরীক্ষার্থীদের রোল নাম্বার, কোর্স, পেপার, বিষয় ইত্যাদি শূন্যস্থান গুলো খুব সাবধানে পূর্ণ করতে বলা হচ্ছে। যদি তা সঠিক ভাবে পূরণ করা না হয়, সেই উত্তরপত্র অসম্পূর্ণ হিসেবে বিবেচিত হবে। তার জন্য কলেজ কোন ভাবে দায়বদ্ধ থাকবে না।
- ৪) পরীক্ষার্থীদের পরীক্ষার পবিত্রতা বজায় রাখার বিষয়ের একটি অঙ্গীকার দিতে হবে এবং উত্তর পত্রের সামনের পৃষ্ঠায় নিজ স্বাক্ষর করতে হবে।
- ৫) পরীক্ষার প্রশ্নপত্র বিশ্ববিদ্যালয় ও কলেজের ওয়েবসাইটে নির্দিষ্ট দিনের পরীক্ষা শুরু হওয়ার অন্তত আধ ঘণ্টা আগে দেওয়া হবে। সেখান থেকে পরীক্ষার্থীরা ডাউনলোড করে নেবে।
- ৬) প্রতিদিনের পরীক্ষার জন্য নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ সমাপ্ত হবার আধ ঘণ্টার মধ্যে কলেজ থেকে দেওয়া নির্দিষ্ট মেল আই ডি তে অনলাইনের মাধ্যমে উত্তর পত্রের পিডিএফ জমা দিতে হবে।
- ৭) অনলাইনে উত্তর পত্র পিডিএফ ফাইল জমা দিতে ব্যর্থ হলে পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষা সমাপ্ত হবার আধ ঘণ্টার মধ্যে জামালপুর কলেজে এসে জমা দিতে হবে।
- ৮) অনলাইনে উত্তর পত্র পাঠানো হলে মেলের স্ক্রিনশট সংরক্ষণ করতে হবে। ইন্টারনেটের সমস্যার জন্য দেরীতে উত্তর পত্র জমা দেওয়ার বিষয়ে যদি সমস্যা হয় তা সমাধান করার জন্য এটি কাজে লাগবে।
- ৯) কোন অসৎ উপায় অবলম্বন করে পরীক্ষা দেওয়া যাবে না। ধরা পড়লে পরীক্ষা বাতিল হবে।
- ১০) পরীক্ষার্থীরা পরীক্ষা সংক্রান্ত কোন অসুবিধার সম্মুখীন হলে কলেজের নিজ নিজ বিষয়ের শিক্ষক ও শিক্ষিকার সাথে যোগাযোগ করবে।
- ১১) এখানে অনুল্লিখিত নিয়মাবলী Burdwan University examination rules ও regulations দ্বারা নিয়ন্ত্রিত হবে।

Courtesy to Prof. Soma Roy Choudhury, HOD, Department of Political Science, for making the primary draft.

Teacher-in-Charge  
Jamalpur Mahavidyalaya  
Purba Bardhaman